

# বাংলাদেশ পোশাক প্রস্তুত কারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, রুক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৪/১৬১

তারিখ : ১৬ অক্টোবর ২০২৪

## সকল সম্মানিত সদস্যের জন্য


বিষয়ঃ লিফলেট/পোষ্টার সংগ্রহকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, গত ২৪-০৯-২০২৪ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে শ্রম অসন্তোষ নিরসনের লক্ষ্যে সরকার, মালিক ও শ্রমিক পক্ষের সর্বসম্মতিক্রমে ত্রিপক্ষীয় ভাবে ১৮ দফা সম্বলিত একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। শ্রমিক ও মালিকপক্ষের যৌথ ঘোষণার ১৮ দফা বাস্তবায়নের লক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং বিজিএমইএ কর্তৃক লিফলেট/পোষ্টার আকারে শ্রমিকদের মাঝে ব্যাপক প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং বিজিএমইএ যৌথ ভাবে ১৮ দফা সম্বলিত একটি লিফলেট/পোষ্টার মুদ্রণ করেছে। সমঝোতা চুক্তিতে লিপিবদ্ধ দফাসমূহ সম্পর্কে শ্রমিকদের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিজিএমইএ প্রধান কার্যালয়, উত্তরা, ঢাকা এবং বিজিএমইএ আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম থেকে প্রতিটি কারখানার জন্য ০২(দুটি) করে লিফলেট/পোষ্টার সংগ্রহ করে কারখানার অভ্যন্তরে দৃশ্যমান জায়গায় প্রতিস্থাপন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য যে, লিফলেট/পোষ্টার সংগ্রহকারী ব্যক্তিকে কারখানার পক্ষ থেকে কারখানার নাম উল্লেখসহ কারখানার নিজস্ব প্যাডে Authorization Letter জমা দান পূর্বক উক্ত লিফলেট/পোষ্টার সংগ্রহ করতে হবে।

ধন্যবাদান্তে,

  
মোঃ ফয়জুর রহমান  
মহা সচিব